53

দৈনিক সংবাদ

তারিখ 17 MAR 1997
পৃষ্ঠা ৮ কলাম ৪

# এসএসসি'র কৃষি বিজ্ঞান পরীক্ষার প্রশ্ন ফাঁস!

(নিজস্ব বার্তা পরিবেশক)

আজ সোমবার অনুষ্ঠেয় এসএসসি পরীক্ষার কৃষি বিজ্ঞান বিষয়ের প্রশ্ন ফাঁস হয়েছে বলে খবর পাওয়া গেছে। ঢাকার নীলক্ষেতে রাতে প্রশ্নপত্র বিক্রি হয়েছে বলে

প্রশ্ন ঃ পৃঃ ১২ কঃ৩

## প্রশ্ন ঃ ফাঁস

( ১ম পৃষ্ঠার পর )

জানা গেছে। একজন পরীক্ষার্থী গতকাল গভীর রাতে 'সংবাদ'–এ ফোন করে ফাঁস হয়ে যাওয়া প্রশ্ন জানিয়েছেন। নিচে তা হুবহু দেয়া হলো—

ক–সেট (কৃষি)

১। টীকা ঃ যোয়ালকান্দা, মালচিং, বনায়ন, কোয়েল পাখি, ফিউমিগেশন,

২। উদ্ভিদের খাদ্য উপাদান বলতে কি বুঝ? বিভিন্ন শ্রেণীর খাদ্য উপাদানের নাম ও কাজ ----

৩। পুকুর সংস্কার -----

৪। সমন্বিত বালাই দমন ব্যবস্থাপনা কাকে বলে? এর উপাদানগুলোর বিবরণ দাও।

৫। পশুর জাত উন্নয়নের পদ্ধতিগুলো বর্ণনা কর। গবাদিপশুর জাত উন্নয়নের পদ্ধতিগুলো বর্ণনা কর।

৫। ডিম ফোটানোর জন্য ডিম নির্বাচন করতে কি কি বিষয় বিবেচনা করতে হয়?

৬। সামাজিক বনায়নের উদ্দেশ্য ও গুরুত্ব বর্ণনা কর।

খ–সেট

১। কৃষি আবহাওয়া বলতে কি বুঝ? এর বর্ণনাকর।

২। টীকা লিখঃ

রোগিং, চিকগার্ড, চিত্তবিনোদন, জলাতংক, ফিউমিগেশন,

৩। উফশি ধানের বৈশিষ্ট্য আলোচনা কর।

৪। মৎস্য আইন বলিতে কি বুঝ? বাংলাদেশের মৎস্য আইন সম্বন্ধে আলোচনা কর।

৫। কৃত্রিম প্রজননের সুবিধাগুলো কি কি এবং এই প্রজনন সফল না হওয়ার কারণ কি?

৬। সামাজিক বনায়নের উদ্দেশ্য ও গুরুত্ব বর্ণনা কর।